

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.২২৯.০৮.০৭৪৮.২৬ নথির বিষয়: “স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্য সচেতনতা”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন আয়োজন সংক্রান্ত নথি।

নোট: ১ নোটের বিষয়: ০৩ ব্যাচে “স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্য সচেতনতা”-শীর্ষক প্রশিক্ষণ আয়োজন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখঃ ২১/৭/২৬ ৪:৪২ অপরাহ্ন

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রের ২০২৬-২৭ অর্থ-বছরের জন্য প্রণীত এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় কর্তৃক অনুমোদিত প্রশিক্ষণ পরিকল্পনায় “স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্য সচেতনতা”-শীর্ষক প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে। ০৩ ব্যাচে উক্ত প্রশিক্ষণ আয়োজনের জন্য ঢাকা ওয়াসার বিভিন্ন দপ্তরে কর্মরত প্রতি ব্যাচে ২৬ (ছাব্বিশ) জন হিসেবে মোট ৭৮ (আটাত্তর) জন কর্মচারীর তালিকা (সংযুক্তি-১) প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণকারী কর্মচারীগণ যাতে প্রাথমিক জরুরি চিকিৎসা, সুস্থ জীবনের জন্য সুসম ও পরিমিত খাদ্যাভাস, নিয়মিত কার্যিক পরিশ্রম / ব্যায়াম, ড্রাগ সেফটি ও সংক্রামক / অসংক্রামক রোগ, ঔষধ সেবনের ক্ষেত্রে সতর্কতা, মানসিক স্বাস্থ্য সুরক্ষায় করণীয় ও বর্জনীয় কর্মকান্ড, কর্মক্ষেত্রে স্বাস্থ্য ঝুঁকি ও নিরাপত্তা ব্যবস্থা ইত্যাদি বিষয়ে স্পষ্ট ধারণা লাভ করতে পারেন সে লক্ষ্যে প্রশিক্ষণের কর্মসূচি (সংযুক্তি-২) প্রণয়ন করা হয়েছে। ০৩ ব্যাচের উক্ত প্রশিক্ষণ যথাক্রমে আগামী ০৯ আগস্ট ২০২৬ (১ম ব্যাচ), ১৬ আগস্ট ২০২৬ (২য় ব্যাচ) এবং ২০ আগস্ট ২০২৬ (৩য় ব্যাচ) অথবা সুবিধাজনক সময়ে ঢাকা ওয়াসা প্রশিক্ষণ কেন্দ্রে আয়োজন করা যেতে পারে। উক্ত প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য সংযুক্ত তালিকায় উল্লিখিত ৭৮ (আটাত্তর) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন সদয় অনুমোদন করা যেতে পারে। প্রস্তাবিত খসড়া তালিকায় উল্লিখিত কোন প্রশিক্ষণার্থী যৌক্তিক কারণে উক্ত প্রশিক্ষণে অংশগ্রহণ করতে অপারগ হলে সমপর্যায়ের অন্য আগ্রহী কর্মচারীকে আমন্ত্রণ জানানো হবে।

সংযুক্তিসমূহ (২):

১। ৭৮ (আটাত্তর) জন কর্মচারীর তালিকা.pdf

২। প্রশিক্ষণের কর্মসূচি.pdf

অনুচ্ছেদ ১.১ - তারিখঃ ২১/৭/২৬ ৪:৪২ অপরাহ্ন


পূর্ণকর্মদিবসব্যাপী ০৩ ব্যাচে ৭৮ (আটাত্তর) জনের জন্য উক্ত প্রশিক্ষণ সম্পাদনের সম্ভাব্য ব্যয় নিম্নরূপঃ

(ক) বক্তার সম্মানী	৫৭,৬০০/-	(২ সেশন ৩,৬০০/- টাকা হারে+৪ সেশন ৩,০০০/- টাকা হারে)×৩ ব্যাচ
(খ) প্রশিক্ষণার্থীদের ভাতা	৪৬,৮০০/-	০৩ ব্যাচের ৭৮ জন ৬০০/- হারে
(গ) কোর্স পরিচালকের সম্মানী	৬,০০০/-	প্রতিদিন ২,০০০/- টাকা হারে ৩ ব্যাচ
(ঘ) কোর্স সমন্বয়কের সম্মানী	৪,৫০০/-	প্রতিদিন ১,৫০০/- টাকা হারে ৩ ব্যাচ
(ঙ) সহায়ক স্টাফের সম্মানী	৯,০০০/-	৩ জন প্রতিদিন ১,০০০/- টাকা হারে ৩ ব্যাচ
(চ) দুপুরের খাবার ও ২ বেলা চা নাস্তা	৫৫,৬৮০/-	(বক্তা সাপোর্টিং স্টাফসহ ৩২ জন ৫৮০/- টাকা হারে) × ৩ ব্যাচ
(ছ) পানি	৩,২৪০/-	(আধা লিটার ৮ কেস ১৩৫/- টাকা হারে) × ৩ ব্যাচ
(জ) পাটের ব্যাগ, নোটবুক ও কলম	৩৫,১০০/-	০৩ ব্যাচের ৭৮ সেট ৪৫০/- টাকা হারে
(ঝ) ফটোকপি ও বিবিধ	৫,০০০/-	০৩ ব্যাচের জন্য আনুমানিক লামসাম
সর্বমোট	=২,২২,৯২০/-	(কথায়ঃ টাকা দুই লক্ষ বাইশ হাজার নয়শত বিশ মাত্র)

অনুচ্ছেদ ১.২ - তারিখঃ ২১/৭/২৬ ৪:৪২ অপরাহ্ন

এমতাবস্থায়, “স্বাস্থ্য ঝুঁকি ও স্বাস্থ্য সচেতনতা”-শীর্ষক প্রশিক্ষণের ০৩ ব্যাচে অংশগ্রহণের জন্য ৭৮ (আটাত্তর) জন প্রশিক্ষণার্থীর মনোনয়ন, প্রশিক্ষণ কর্মসূচি এবং প্রশিক্ষণ আয়োজনে প্রয়োজনীয় ব্যয় নির্বাহের নিমিত্তে প্রশিক্ষণ কেন্দ্রের “প্রশিক্ষণ ফি” খাতের বরাদ্দ হতে সর্বমোট =২,২২,৯২০/- (টাকা দুই লক্ষ বাইশ হাজার নয়শত বিশ মাত্র) ব্যয়ের এবং ক্ষেত্রমতে প্রযোজ্য ভ্যাট টাকা ওয়াসা হতে বহন করার অনুমোদনসহ উক্ত পরিমাণ টাকা প্রধান প্রশিক্ষণ কর্মকর্তার অনুকূলে অস্থায়ী অগ্রীম হিসেবে প্রদানের সদয় অনুমোদন দেয়া যেতে পারে। প্রস্তাবিত বাজেটে উল্লিখিত ব্যয়ের চাইতে খাতওয়ারী প্রকৃত ব্যয় কম/বেশি হতে পারে। তবে মোট প্রকৃত ব্যয় অনুমোদিত ব্যয়ের মধ্যে সীমাবদ্ধ থাকবে। কোর্সে সমাপ্তির পর সমুদয় অর্থ প্রকৃত ভাউচারের মাধ্যমে হিসাব বিভাগে সমন্বয় করা হবে।


সদয় অনুমোদনের জন্য পেশ করা হ’ল।



২১/৭/২৬ ৫:৪০ অপরাহ্ন
মোসা: নাসরিন খাতুন
অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি
অপারেটর
প্রশিক্ষণ কেন্দ্র



২১/৭/২৬ ৫:৪৩ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র



২১/৭/২৬ ৫:৪৪ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(অতিরিক্ত দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র




২২/৭/২৬ ১০:৩৪ পূর্বাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর



২৩/৭/২৬ ৫:৪৬ অপরাহ্ন
মোঃ আমিনুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক
ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর




২৬/৭/২৬ ১২:৩০ অপরাহ্ন
এ.কে.এ.এম. ফজলুল হক
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক
(মানবসম্পদ ও প্রশাসন) এর
দপ্তর



২৬/৭/২৬ ১২:৩৮ অপরাহ্ন
মোঃ ওয়াজ উদ্দীন
প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(অতিরিক্ত দায়িত্ব)
প্রশিক্ষণ কেন্দ্র



২৬/৭/২৬ ১:৫০ অপরাহ্ন
মোশাররফ হোসেন
উপ-প্রধান প্রশিক্ষণ কর্মকর্তা
(প্রশাসন ও অর্থ)
প্রশিক্ষণ কেন্দ্র



২৬/৭/২৬ ৩:০৮ অপরাহ্ন
মোসা: নাসরিন খাতুন
অফিস সহকারী কাম ডাটা এন্ট্রি
অপারেটর
প্রশিক্ষণ কেন্দ্র